সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি
ডাইরি নং.........
তারিখ ৩১/০১/২১
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
রক্ষণাবেক্ষণ অধিশাখা
www.rthd.gov.bd

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী 'শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজন (অধীন দপ্তর/সংস্থা) এর সাথে মতবিনিময়' সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আব্দুল মালেক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ২৬ জানুয়ারি, ২০২১ |
| সময় | : | বেলা ১২.০০ ঘটিকা |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব জানান, জাতীয় শুদ্ধাচার কৌশল এবং উত্তম চর্চা বাস্তবায়নের লক্ষ্যে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর/কর্তৃপক্ষ/সংস্থা শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন এবং উত্তম চর্চা বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে।

১.২ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২০-২০২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা কার্যক্রমের মধ্যে উল্লেখযোগ্য হলো নৈতিকতা কমিটির নিয়মিত সভা অনুষ্ঠান, উত্তম চর্চার তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজন (stakeholders) সভা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত সংস্থার কর্মকর্তাদের সমন্বয়ে সুশাসন ও দুর্নীতি প্রতিরোধ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা, পরিচ্ছন্নতা ও অফিস পরিবেশ উন্নয়ন ও স্বাস্থ্য সচেতনতা, সভা/প্রশিক্ষণ আয়োজন, বিভিন্ন আইন ও বিধির খসড়ার আইনগত ভেটিং গ্রহণ, নীতিমালার খসড়া অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ, স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ, নিয়মিত গণশুনানী অনুষ্ঠান আয়োজন ইত্যাদি। জাতীয় শুদ্ধাচার কৌশল এর কর্ম-পরিকল্পনা অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরে 'শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময়' সভা অনুষ্ঠানের পরিকল্পনার আলোকে অদ্যকার সভা অনুষ্ঠিত হচ্ছে।

১.৩ মতবিনিময় সভায় পর্যায়ক্রমে এ বিভাগ এবং অধীন দপ্তর/সংস্থার উত্তম চর্চার বিষয়গুলি পর্যালোচনা করা হয় :

<u>সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের উত্তম চর্চা</u> :

(১) দ্রুত নথি নিষ্পত্তিকরণ;
(২) মনিটরিং টিমের অনলাইন রিপোর্টিং;
(৩) IT Audit কার্যক্রম;
(৪) অনলাইন ভূমি ব্যবস্থাপনা;
(৫) অনলাইন অডিট ব্যবস্থাপনা;
(৬) অনলাইন মামলা ব্যবস্থাপনা;
(৭) মুমূর্ষু রোগী বহনকালীন টোল মওকুফকরণ;
(৮) টোল প্লাজাসমূহে Electronic Toll Collection System প্রবর্তন;
(৯) নবযোগদানকারি কর্মচারিদের জন্য প্রশিক্ষণ।

<u>সড়ক ও জনপথ অধিদপ্তরের উত্তম চর্চা</u> :

(১) বার্ষিক উন্নয়ন প্রকল্প (ADP) এবং প্রকল্পের উপাদান এর তথ্য প্রজেক্ট মনিটরিং সিস্টেমে (PrMS) এর মাধ্যমে সংরক্ষণ ও মনিটরিং করা;
(২) HR Module এর মাধ্যমে প্রশাসন ও সংস্থাপন বিভাগ হতে কর্মকর্তা-কর্মচারীদের পদায়ন ও বদলী আদেশ তৈরী করা।

<u>ডিটিসিএ'র উত্তম চর্চা :</u>

(১) ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের আবেদন গ্রহণ ও মঞ্জুরীকৃত আবেদনের তালিকা ওয়েব সাইটে নিয়মিত প্রকাশের ব্যবস্থা করা;

(২) সোস্যাল মিডিয়া ব্যবহার করে নাগরিক সমস্যা সমাধানের নিমিত্ত ডিটিসিএ এর জন্য একটি ফেসবুক পেইজ চালু করা;

<u>ডিএমটিসিএল এর উত্তম চর্চা</u> :

(১) Enterprise Resource Management System (ERMS) প্রবর্তণ;

(২) নভেল করোনা ভাইরাস (Covid-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইন-৬ এর কাজ অব্যাহত রাখা;

(৩) নভেল করোনা ভাইরাস (Covid-19) মহামারী পরিস্থিতিতে এমআরটি লাইনসমূহে কর্মরত বিদেশী নাগরিকদের বাংলাদেশে প্রত্যাবর্তনের ব্যবস্থা করা;

(৪) ডিএমটিসিএল ও এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কর্মচারীদের জন্য করোনা সহায়তা তহবিল গঠন।

<u>বিআরটিএ'র উত্তম চর্চা :</u>

(১) বিআরটিএ'র Facebook Page;

(২) Magistrates of BRTA নামক ফেসবুক পেইজ;

<u>বিআরটিসি'র উত্তম চর্চা :</u>

(১) বৈশ্বিক করোনা (Covid-19) মহামারীতে স্বাস্থ্যঝুঁকি এড়ানো;

(২) বিআরটিসি'র চালক ও কন্ডাক্টরদের নিয়মিতভাবে শুদ্ধাচার ও মোটিভেশনাল প্রশিক্ষণ;

(৩) বিআরটিসি'র বিআরটিসি'র নতুন নিয়োগপ্রাপ্তদের প্রশিক্ষণ;

(৪) বিআরটিসি'র চালক-হেলপারদের সচেতনতা বৃদ্ধিতে উদ্বুদ্ধ করা;

(৫) যত্রতত্র গাড়ী না থামানো, ট্রাফিক আইন মেনে চলার জন্য বিআরটিসি'র চালকদের সচেতন করা।

১.৪ ব্যবস্থাপনা পরিচালক, ডিবিআরটিসিএল বলেন, বিআরটিসি'র বাস চলাচল বিষয়ে রক্ষণাবেক্ষন, পরিচালনা সংখ্যা, মাইলেজ হিসাব, যাত্রীর পরিসংখ্যান ইত্যাদির তথ্য উপাত্ত থাকা প্রয়োজন। সে আলোকে যাত্রী সেবা/ব্যবসার পরিকল্পনা নেয়া যায়।

১.৫ সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ জানান Magistrates of BRTA নামক ফেসবুক পেইজটির কার্যক্রম বর্তমানে পূর্বের ন্যায় কার্যকরভাবে চালু নেই। ফেসবুকে প্রাপ্ত অভিযোগের বিষয়ে পূর্বে নির্বাহী ম্যাজিস্ট্রেটরা জবাব দিতেন। জনসাধারণের মধ্যে ব্যাপক আগ্রহের সৃষ্টি হয়েছিল। বর্তমানে অভিযোগের Reply দেয়ার তেমন উদ্যোগ নেই।

১.৬ সভায় সভাপতি ডিটিসিএ'র ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের আবেদন গ্রহণ ও মঞ্জুরীকৃত আবেদনের তালিকা ওয়েব সাইটে নিয়মিত প্রকাশের ব্যবস্থা করা। এছাড়া একাজে রাজউকের সাথে সমন্বয় করে কাজ করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়া ডিটিসিএ'র উত্তম চর্চার তালিকা যুগোপযোগী করতে হবে। বিআরটিএ'র বিষয়ে বলেন বিআরটিএ'র গ্রুপ ফেসবুকের তথ্যের পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করলে সবাই অবহিত হতে পারে। বিআরটিসি'র বিষয়ে সভাপতি বলেন বিআরটিসি'র উত্তম চর্চার মধ্যে চালক-হেলপারদের সচেতনতা বৃদ্ধি করতে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন। এছাড়া যত্রতত্র গাড়ী না থামানো, ট্রাফিক আইন মানার জন্য বিআরটিসি'র চালকদের সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বিআরটিসি'র বাস চলাচল বিষয়ে রক্ষণাবেক্ষন, পরিচালনা সংখ্যা, মাইলেজ হিসাব, যাত্রীর পরিসংখ্যান ইত্যাদি কার্যক্রমসমূহের প্রমাণক দিতে হবে। শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়টি সবার মধ্যে বিস্তৃত করা প্রয়োজন। এ বিষয়ে সকল সংস্থা ব্যবস্থা গ্রহণ করবে।

১.৭ NIS বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন মন্ত্রিপরিষদ বিভাগের NIS অগ্রগতি পর্যালোচনা সভায় মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার ওয়েবসাইট পাওয়ার পয়েন্টে Live উপস্থাপন করে ত্রুটিসমূহ তুলে ধরা হয়। ওয়েবসাইটে পর্যাপ্ত তথ্য না থাকা, নিয়মিত হালনাগাদ না করার বিষয়ে তাগিদ প্রদান করা হয়। ওয়েব সাইটে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS), তথ্য অধিকার (RTI) এর তথ্য উপাত্ত না থাকার বিষয়টি উল্লেখযোগ্য। এক্ষেত্রে প্রয়োজনে মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইট অনুসরণ করা যেতে পারে।

০২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

সিদ্ধান্ত :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | ডিটিসিএ'র ট্রাফিক সার্কুলেশন ছাড়পত্রের আবেদন গ্রহণ ও মঞ্জুরীকৃত আবেদনের তালিকা ওয়েব সাইটে নিয়মিত প্রকাশের ব্যবস্থা করতে হবে; | নির্বাহী পরিচালক (ডিটিসিএ) |
| (২) | ডিটিসিএ'র উত্তম চর্চার তালিকা যুগোপযোগী করতে হবে; | নির্বাহী পরিচালক (ডিটিসিএ) |
| (৩) | বিআরটিএ'র গ্রুপ ফেসবুকের তথ্যের পরিসংখ্যান আগামী সভায় উপস্থাপন করতে হবে; | চেয়ারম্যান (বিআরটিএ) |
| (৪) | বিআরটিএ'র অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) কার্যকরভাবে চালু ও প্রচারের ব্যবস্থা নিতে হবে; | চেয়ারম্যান (বিআরটিএ) |
| (৫) | বিআরটিসি'র উত্তম চর্চার মধ্যে চালক-হেলপারদের সচেতনতা বৃদ্ধি করতে উদ্বুদ্ধ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে; | চেয়ারম্যান (বিআরটিসি) |
| (৬) | যত্রতত্র গাড়ী না থামানো, ট্রাফিক আইন মানার জন্য বিআরটিসি'র চালকদের সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | চেয়ারম্যান (বিআরটিসি) |
| (৭) | বিআরটিসি'র বাস চলাচল বিষয়ে রুট পর্যালোচনা, যানবাহন রক্ষণাবেক্ষন, পরিচালনা সংখ্যা, মাইলেজ হিসাব, যাত্রীর পরিসংখ্যান/তথ্যাদি সংগ্রহ, সংরক্ষণ ও আপডেটের উদ্যোগ নিতে হবে। সে আলোকে যাত্রী সেবা/ব্যবসা পরিচালনার উদ্যোগ নিতে হবে। | চেয়ারম্যান (বিআরটিসি) |
| (৮) | সকল দপ্তর/সংস্থা কর্তৃক শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়টি সবার মধ্যে বিস্তৃত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সওজ)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ চেয়ারম্যান (বিআরটিএ/বিআরটিসি)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |
| (৯) | মন্ত্রিপরিষদ বিভাগ প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সুশাসনের ৫টি জবাবদিহিমূলক উপকরণ সংক্রান্ত যথা : সেবা প্রদান প্রতিশ্রুতি (CC), জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS), তথ্য অধিকার (RTI), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর তথ্যাদি মন্ত্রিপরিষদ বিভাগ নির্ধারিত ক্রম অনুযায়ী সকল তথ্য সন্নিবেশ ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সওজ)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ চেয়ারম্যান (বিআরটিএ/বিআরটিসি)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল) |

০৩। সভাপতি সমাপনী বক্তব্যে শুদ্ধাচার এবং উত্তম চর্চা প্রতিষ্ঠায় আজকের অংশীজন সভায় অংশগ্রহণ করার জন্য সকলকে ধন্যবাদ জানান। উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮/১/২১
মোঃ আব্দুল মালেক
অতিরিক্ত সচিব (প্রশাসন)
ও
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০২৫.২০-৭০

তারিখ : ১৪ মাঘ, ১৪২৭ / ২৮ জানুয়ারি, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৮। যুগ্ম সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৯। উপসচিব (বাজেট/সওজ গেজেটেড সংস্থাপন/বিআরটিএ/টোল ও এক্সেল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। সিনিয়র সহকারী সচিব (অডিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। অফিস কপি/মাস্টার কপি।

২৮/১/২০২১

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd